

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বাঘারপাড়া, যশোর।
Ucf.jsr.bagherpara@dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.৪১০৯.৩০৪.৫৭.০০৯.২৪.৪৯২

তারিখঃ ২৮/০৭/২০২৫ খ্রিঃ।

খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা বাঘারপাড়া উপজেলার সকল সাধারণ ব্যবসায়ীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ উপজেলার বাসুয়াড়ী ইউনিয়নের চাড়াভিটা বাজারের খাদ্যবান্ধব ডিলারের শূন্যপদে ০১ (এক) জন ডিলার নিয়োগ দেয়া হবে।

১।	আবেদন ফরম বিক্রিকারী কার্যালয়	:	উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বাঘারপাড়া, যশোর।
২।	আবেদন ফরম বিক্রির তারিখ	:	২৯/০৭/২০২৫ খ্রিঃ হতে ০৬/০৮/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ৪ টা পর্যন্ত
৩।	আবেদনপত্র জমাদানের তারিখ	:	২৯/০৭/২০২৫ খ্রিঃ হতে ০৬/০৮/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ৫ টা পর্যন্ত
৪।	আবেদনপত্র জমাদানের স্থান	:	উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বাঘারপাড়া, যশোর।
৫।	আবেদনপত্র যাচাই-বাছাই এর সময়সীমা	:	০৭/০৮/২০২৫ খ্রিঃ
৬।	যোগ্য ও অযোগ্য আবেদনকারীর তালিকা প্রকাশ	:	১১/০৮/২০২৫ খ্রিঃ
৭।	লটারির/ফল প্রকাশের সময়, তারিখ ও স্থান	:	১১/০৮/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ২.৩০ টার সময় উপজেলা নির্বাহী অফিসার ঐর অফিস কক্ষ, বাঘারপাড়া, যশোর।

আবেদনকারীর যোগ্যতা ও শর্তাবলীঃ

- ১। বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্দে বাঘারপাড়া উপজেলার স্থায়ী বাসিন্দা হিসেবে বসবাসকারী যে কোন নাগরিক আবেদন করতে পারবেন।
- ২। আবেদনকারীকে বাঘারপাড়া উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের ট্রেড লাইসেন্সধারী হতে হবে ও ফুড গ্রেইন লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্স হালনাগাদ থাকতে হবে।
- ৩। আবেদন কারীকে ব্যংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করতে হবে এবং স্থিতি ন্যূনতম ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা থাকতে হবে। আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫ (পনের) মেঃটন খাদ্যশস্য সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে।
- ৪। আবেদনকারীর দোকানের মেঝে ও দেয়াল পাকা, খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে।
- ৫। খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ডিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যে কোন অনিয়মের কারণে ডিলারশীপ বাতিল হলে তিনি খাদ্যবান্ধব ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
- ৬। প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- ৭। কোন ব্যক্তি ডিলারশীপ প্রাপ্ত হলে “নিজ ডিলারশীপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না” মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প অংগীকারনামা আবেদনের সাথে দাখিল করতে হবে; এর ব্যতয় হলে উভয় ব্যক্তির ডিলারশীপ বাতিল হবে।
- ৮। খাদ্যবান্ধব ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেকট্রনিকস ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে।
- ৯। খাদ্যশস্য বিক্রয় (খাদ্যবান্ধব) নীতিমালা, ২০২৪ অনুযায়ী বিদ্যমান ডিলারগণও নতুন ভাবে ডিলার প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন। নীতিমালা অনুযায়ী যোগ্য বিবেচিত হলে তাকে নতুন ডিলার হিসেবে তালিকাভুক্তির জন্য বিবেচনা করা যাবে।
- ১০। খাদ্যবান্ধব কর্মসূচীর ডিলার এর মেয়াদ হবে ০৫ (পাঁচ) বছর, ডিলারের লাইসেন্স প্রতি বছর নবায়ন করতে হবে।
- ১১। আবেদনের ফরম পূরণ করে তার সাথে (ক) পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবি, (খ) ব্যংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র, (গ) ট্রেড লাইসেন্স এর ফটোকপি, (ঘ) দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি, (ঙ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, (চ) নাগরিকত্ব সনদের কপি, (ছ) অঙ্গীকারনামা, খামের ওপর আবেদিত কেন্দ্রের নাম, নিজ নাম, ঠিকানা ও মোবাইল নম্বর লিখতে হবে।
- ১২। একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক সংখ্যক আবেদন করলে যোগ্য আবেদনকারীদের উপস্থিতিতে লটারিরর মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে।
- ১৩। ডিলার হিসেবে যোগদানকালে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত পে-অর্ডার উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বাঘারপাড়া, যশোরের অনুকূলে জমা দিতে হবে।
- ১৪। খাদ্যবান্ধব ডিলার লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।
- ১৫। একজন ব্যক্তি একাধিক বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন না।
- ১৬। খাদ্য অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে নির্বাচিত ডিলারের নিয়োগ আদেশ জারি করা হবে।
- ১৭। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ১৮। কর্তৃপক্ষ প্রয়োজনে ডিলার নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয় পরিবর্তন/পরিমার্জন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

বি:দ্র: বাঘারপাড়া উপজেলা খাদ্যবান্ধব কমিটির অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

শীনা খানম
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
বাঘারপাড়া, যশোর।